তারিখ ....15. JUN.2016...
পৃষ্ঠা ...৬... কলাম ...৬... ......

সংবাদ

# স্কুলগামী শিক্ষার্থীদের মোবাইল ব্যবহার প্রসঙ্গে

স্কুলগামী ছাত্রছাত্রীদের হাতে মোবাইল ফোন দেয়ার কারণে অনেক ক্ষেত্রে কোমলমতি ছাত্রছাত্রীরা বিপথে চলে যেতে বসেছে। মোরাইলে ইন্টারনেট থাকার কারণে অনেকে এর অপব্যবহার করছে। এমনকি ছেলে মেয়ে রাতভর মোবাইল বন্ধু-বান্ধবীদের সঙ্গে কথা বলতে থাকে। পিতামাতা হিসেবে আমাদের করণীয় অনেক কিছু আছে। তবে অনেক ক্ষেত্রে আজকালকার ছেলেমেয়েদের সঙ্গে পারা সম্ভব হয়ে ওঠে না। যে জিনিসটাকে বাধা দেয়া হয় বা দেখতে ; নিষেধ করা হয় ছেলেমেয়েরা সেটাই বেশি করবে। কারণ এই তথ্য-প্রযুক্তির যুগে ছেলেমেয়েদের কোন কিছু থেকেই বিরত রাখা দুষ্কর। কিভাবে এ থেকে পরিত্রাণ পাওয়া যায় তা মোবাইল কোম্পানিগুলো বলতে পারবে। মোবাইল কোম্পানি হলো রাতে কথা বলার জন্য মোবাইলে কম পয়সা অফার দিয়ে ছেলেমেয়েদের রাতে কথা বলতে উৎসাহ দিয়ে আসছে। বিষয়গুলোর প্রতি সরকারকে একটু নজর দিতে অনুরোধ করছি। যতদূর সম্ভব ছেলেমেয়েদের দিকে একটু নজর দিতে পিতা-মাতার দৃষ্টি আকর্ষণ করছি।

**মাহবুব উদ্দিন চৌধুরী**
ফরিদাবাদ-গেণ্ডারিয়া,
ঢাকা-১২০৪।